মেহেরপুরে স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ করেছে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ থেকে নিবন্ধিত ২০ টি সংগঠন ও ৩ জন অসহায় দুঃস্থের মাঝে এই চেক বিতরণ করা হয়।

সোমবার সকাল সাড়ে ১০ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ আব্দুল সালাম চেক বিতরণ করেন। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, মেহেরপুরে বাল্যবিবাহ, আত্মহত্যার প্রবনতা বেশি। স্বেচ্ছাসেবী সংগঠনকে এসকল সমস্যাগুলি নিয়ে সামাজিক সচেতনতা কর্মসুচি করার জন্য আহ্বান জানান । তিনি বলেন, আমাদের কর্মকান্ডসমুহ যদি সমাজে কোন উপকারে না আসে, তাহলে এটি ফলপ্রসু হবেনা। তিনি সংগঠনসমুহকে অনুরোধ করেন, সমাজে ভাল কাজ করার জন্য। ভাল কাজের জন্য আমরা তাদের পুরস্কৃত করবো।

অনুষ্ঠানের সভাপতি জেলা সমাজসেবা অফিসার আশাদুল ইসলাম স্বেচ্ছাসেবী সংস্থাসমুহকে উল্লেখিত কর্মসুচি পালনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। জেলা সমাজসেবা নিবন্ধন কর্মকর্তা কাজী মনসুরের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনসমুহ তাদের কর্মকান্ড তুলে ধরেন। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন মেহেরপুর শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার আনিছুর রহমান।

দশর্নায় কৃষকদের মাঝে বিনা-২৬ ধানবীজ বিতরণ

দশর্না পরানপুর কৃষকদের মাঝে বিনা-২৬ ধানবীজ বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার বিকাল সাড়ে ৫টায় বাংলাদেশ বীনা গবেষণার উদ্যোগে

পরানপুর আলিফ ট্রেডার্সের সামনে এই বীজ বিতরণ করা হয়।

এ বীজ বিতরণ অনুষ্ঠানে বক্তব্যে রাখেন, বাংলাদেশ সুপ্রীম কোর্টের এ্যাডভোকেট ফারুক হোসেন এবং বিশিষ্ট বীজ ও কীটনাশক উদ্ভাবক রাজেদুল ইসলাম বিনা ধান রোপনের দিক নিদর্শনা ও নিয়মাবলী সম্পর্কে কৃষকদের ধারণা প্রদান করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আওয়াল হোসেন।

মেহেরপুরে ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপন উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহামদ আবদুল ছালাম। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনির, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার মো. আবদুর রাহীম, জেলা ইমাম পরিষদের সভাপতি মো. রোকনুজ্জামান ও সাধারণ সম্পাদক মো. সিরাজ উদ্দিন।

এছাড়াও বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, জেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি সাদিকুর রহমান এবং ইসলামিক ফাউন্ডেশনের ট্রেইনার আব্দুল হামিদ।

বক্তারা তাঁদের আলোচনায় মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর জীবনাদর্শ ও কর্ম নিয়ে আলোকপাত করেন এবং সমাজে শান্তি ও কল্যাণ

প্রতিষ্ঠায় তাঁর আদর্শ অনুসরণের ওপর গুরুত্বারোপ করেন।

আলোচনা সভা শেষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

আলমডাঙ্গা মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণ

আলমডাঙ্গায় মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা কৃষি দপ্তরের উদ্যোগে মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ দুপুরে কৃষি অফিস কার্যালয় প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা কৃষি অফিসার রেহেনা পারভিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম। তিনি বলেন, ‍”মানব দেহে পুষ্টি সাধনে ডালের গুরুত্ব অপরিসীম।মাসকলাই দেহের প্রোটিন ও ফ্যাটের চাহিদা মেটাতে সাহায্য করে। তাই আমাদের জনবহুল দেশে মাসকলাই সহ অনান্য ডালের চাষে কৃষকদের উৎসাহিত করতে আমাদের এই প্রয়াস।”

এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রানী সম্পদ কর্মকর্তা জেড এম মাহমুদউল্লাহ, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, মহিলা বিষয়ক কর্মকর্তা,মাকসুরা জান্নাত,ইনেস্ট্রাক্টর জামাল হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন আলী,তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস,উপ-সহকারি কৃষি কর্মকর্তা মঞ্জুর রহমান, আহসানুল হক শাহীন প্রমুখ।

ঝিনাইদহে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

“তারুণ্যের উৎসব ২০২৫” উপলক্ষ্যে ঝিনাইদহ সদরের আনোয়ার জাহিদ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনা মূল্যে ২৫০টি ফলজ ও বোনজ গাছের চারা বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে ওই স্কুলের ২৫০জন ছাত্র-ছাত্রীর মাঝে এই চারা বিতরণ করা হয়। বিদ্যালয়ের সভাপতি আবু বকর সিদ্দিকের সভাপতিত্বে চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঝিনাইদহের উপ-পরিচালক ষট্রি চন্দ্র রায়।

এসময় অতিরিক্ত উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মোঃ সেলিম রেজা, ঝিনাইদহ জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লুৎফর রহমান, উপজেলা কৃষি অফিসার মোঃ নূর- এ- নবী, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সুদীপ্তা চন্দনা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ মফিজ উদ্দিন, ফেরদৌস হায়দার, আবদুল্লাহ আল মামুন, বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপ-পরিচালক ষট্রি চন্দ্র রায় বলেন, গাছ আমাদের কাঠ দেয়, ফল দেয়, ছায়াদেয় এছাড়া পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য প্রত্যেকে বাড়ির আঙ্গিনায় গাছ লাগাতে হবে।

মেহেরপুরে কৃষকের মাঝে বিনামূল্যে মাসকলাই বীজ ও সার

বিতরণ

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ২০২৫-২৬ অর্থবছরের খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সদর উপজেলার বিভিন্ন গ্রামের ৬০০ কৃষকের হাতে বিনামূল্যে বীজ ও সার তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম।

এ সময় প্রতিটি কৃষককে ৫ কেজি মাসকলাই বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ৫ কেজি এমওপি সার প্রদান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অফিসার সাহাদুল ইসলাম এবং অতিরিক্ত কৃষি অফিসার রাজিবুল হাসান।

আয়োজকরা জানান, প্রণোদনা কর্মসূচির মাধ্যমে কৃষকদের উৎপাদন খরচ কমানো এবং মাসকলাই ফসলের উৎপাদন বৃদ্ধি করাই এ কার্যক্রমের মূল উদ্দেশ্য।

গাংনীতে কৃষকদের বিনামূল্যে মাসকলাই বীজ ও সার বিতরণ

মেহেরপুরের গাংনীতে কৃষকদের মাঝে বিনামূল্যে মাসকলাইয়ের বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০টার সময় কৃষকদের হাতে বীজ ও সার তুলে দিয়ে কার্যক্রমের উদ্বোধন করেন গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা মো. ইমরান হোসেন।

গাংনী উপজেলা প্রশাসন ও কৃষি অফিসের যৌথ আয়োজনে ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকলাই ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক পর্যায়ের ১ হাজার কৃষককে এ প্রণোদনা দেওয়া হবে।

প্রতি কৃষক পাবেন ৫ কেজি মাসকলাই বীজ, ১০ কেজি ডিওপি ও ১০ কেজি এমওপি সার।

বীজ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোতালেব আলী এবং উপজেলার বিভিন্ন গ্রামের কৃষক।

দামুড়হুদায় বিনামূল্যে সার ও বীজ বিতরণ

২০২৫-২৬ ইং অর্থ বছরে খরিপ-২ মৌসুমে দামুড়হুদা উপজেলার প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মাঝে মাষকলাই চাষ বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে এই বীজ ও সার বিতরণ করা হয়।

এবার উপজেলার ৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভার ১১০ জন প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মাঝে বিনামূল্যে ৫ কেজি মাষকলাই (বারি-৩ জাত) বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, ইউনিয়ন ব্লক সুপার ভাইজারসহ সুবিধা ভোগী প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক – কৃষাণীবৃন্দ।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

শিক্ষাই জাতির মেরুদণ্ড এই চেতনায় ইয়ুথ ফোরাম ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে ঝরে পড়া রোধ এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে মেহেরপুর সদর উপজেলার আমদহ ও আমঝুপি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের কিছু দরিদ্র কিন্তু মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্কুল ইউনিফর্ম বিতরণ করা হয়েছে।

অনুষ্ঠানে হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী ও অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয় স্কুল ব্যাগ, খাতা ও স্কুল ইউনিফর্ম। আয়োজকরা জানান আর্থিক অসুবিধা যেন কোনো শিক্ষার্থীর শিক্ষার পথে অন্তরায় না হয়, সেটিই তাদের এই কার্যক্রমের মূল উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যবৃন্দ, ইয়ুথ ফোরামের তরুণ সমাজসেবীরা, ইউনিয়ন পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ ও জনপ্রতিনিধিগণ। তাঁরা সবাই এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন এটি শুধু শিক্ষার্থীদের উপকৃত করবে না, বরং অভিভাবক ও সমাজকেও শিক্ষা সম্পর্কে আরও সচেতন করবে।

উপকরণ পেয়ে শিক্ষার্থীরা আনন্দে উচ্ছ্বসিত হয়ে জানায়, তারা পড়াশোনায় আরও মনোযোগী হবে এবং একদিন সমাজ ও দেশের জন্য বড় কিছু করতে চায়। অভিভাবকরা আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বক্তারা বলেন শিক্ষার আলো সবার জন্য উন্মুক্ত করা আমাদের নৈতিক দায়িত্ব। যদি সমাজের প্রতিটি মানুষ সামান্য করে এগিয়ে আসে, তবে কোনো শিশুই শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হবে না।

এই মহৎ আয়োজনকে সফল করতে সকলে একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং ওয়াচ গ্রুপ, ইয়ুথ ফোরাম ও স্থানীয় জনপ্রতিনিধিরা জানান তাদের এই কার্যক্রম ভবিষ্যতেও চলমান থাকবে। কারণ—শিক্ষিত প্রজন্মই পারে সমাজ ও দেশকে এগিয়ে নিতে, আর প্রতিটি শিশুর হাতে কলম তুলে দেওয়া আমাদের সবার দায়িত্ব।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে।

মেহেরপুর বন্ধুসভার বৃক্ষরোপন ও বিতরণ কর্মসূচী পালিত

প্রথম আলো মেহেরপুর বন্ধুসভার বৃক্ষরোপন ও কর্মসুচী পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১টায় মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে কর্মসুচী পালিত হয়।

কর্মসুচীতে উপস্থিত ছিলেন, বন্ধুসভার সভাপতি ও সরকারি মহিলা কলেজের উপাধক্ষ আব্দুল্লাহ আল আমিন, সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ, বন্ধসভার যুগ্ন সম্পাদক আশিক রাব্বি, অ্যন্দ্রিয়া সরকার, ফারিয়া, শিমুলসহ বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এসময় তিনটি আমড়া গাছের চারা রোপন করা হয় বিদ্যালয় প্রাঙ্গণে। ২০০টি ফলজ, বনজ গাছের চারা বিতরণ করা হয়। মেহগনি, লেবু, কদবেল, মহানিম, আমড়া গাছের চারা বিতরণ করা হয়।

বৃক্ষরোপন কর্মসুচীতে সভাপতি আব্দুল্লাহ আল আমিন বলেন, প্রতিটি শিক্ষার্থীকে দুটি করে বৃক্ষরোপন করতে হবে। আমাদের দেশ, আমাদের পরিবেশ, আমাদের সমাজ আমাদের দায়িত্ব তা রক্ষা করা। চলো গড়ি সবুজ দেশ। সড়কের পাশে খালি যায়গায় আমরা চারা গাছ রোপন করে সবুজে ভরে তুলি দেশ।